



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং-০০.০১.০০০০.৩০১.২৮.০০৮.১৯-৪০৬৪০(২৮)

তারিখ: ২১/১০/২০১৯ খ্রি.

বিষয় : হবিগঞ্জ জেলাধীন বাহুবল উপজেলায় আগামী ২৭ অক্টোবর, ২০১৯ তারিখ রবিবার গণশুনানির আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৭ অক্টোবর, ২০১৯ তারিখ রবিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত হবিগঞ্জ জেলাধীন বাহুবল উপজেলা পরিষদ মিলনায়তনে কমিশনের আর্থিক সহায়তায় গণশুনানি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত গণশুনানি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের সার্বিক সহায়তাসহ উপজেলায় অবস্থিত সকল সরকারি অফিসসমূহের পক্ষ হতে তথ্য, উপাত্ত উপস্থাপনা, গণশুনানিতে সক্রিয় অংশগ্রহণ এবং বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল উপজেলা, হবিগঞ্জকে নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত গণশুনানি অনুষ্ঠানের সম্মানিত মডারেটর হিসেবে যোগদানের জন্যও নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

০২। উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব মুহাম্মদ দিলোয়ার বখ্ত, সচিব, দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকবেন।

উত্তম কুমার মন্ডল
পরিচালক
(প্রতিরোধ ও গণসচেতনতা-১)
ফোন: ৯৩৬২৪৫৮

জেলা প্রশাসক
হবিগঞ্জ।

অনুলিপি কার্যার্থে:

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, সিলেট (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
২. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, হবিগঞ্জ (অভিযোগ সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গকে তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ অবহিত করণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, বাহুবল, হবিগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার, সিলেট।
২. ডিআইজি, সিলেট রেঞ্জ।
৩. পুলিশ সুপার, হবিগঞ্জ।
৪. পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-২), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাহুবল উপজেলা পরিষদ, হবিগঞ্জ।
৬. উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল উপজেলা, হবিগঞ্জ।
৭. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. কমিশনার অনুসন্ধান/তদন্ত - এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (গণমাধ্যমকে অবহিতকরণের অনুরোধসহ)।
১১. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
১২. মেয়র, বাহুবল পৌরসভা, হবিগঞ্জ।
১৩. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, বাহুবল উপজেলা, হবিগঞ্জ।